

Plan Plan



দৈনিক ইনকিলাব

28 AUG 1986

# আল্-কুরআন

• ৩৩ ৪৪

## বিহিমিল্লাহির রাহমানির রাহীম পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

॥ ৩৬ ॥ ওয়া'বুদুয়াহা ওয়ালা তুশরিকু বিহি শাইআও ওয়াবিল  
ওয়ালিদাইনি ইহুছানাও ওয়া বিজিলকুরবা ওয়াল ইয়াতামা  
ওয়াল মাছাকীনি ওয়ালজ্বারি জিলকুরবা ওয়ালজ্বারিল জুন্বি  
ওয়াছ্ছাবিহি বিল্ জ্বাশ্বি ওয়াবনিছ্ ছাবীলি ওয়ামা মালাকাত্  
আইমানুকুম, ইম্মান্নাহা লা-ইউহিবু মান কানা মুখতালান্ ফাখুরা।

(আর আল্লাহর ইবাদত কর ও তাঁর সাথে কোন কিছু শরীক করোনা, এবং মা-বাপ  
আত্মীয়-স্বজন, এতিম, গরীব, আত্মীয় প্রতিবেশী ও অপর প্রতিবেশী, নিকট সঙ্গী, পথিক এবং  
যারা তোমাদের অধিকারে এসেছে তাদের সকলের প্রতি ভাল ব্যবহার কর; নিশ্চয় আল্লাহ  
অহংকারী ও উদ্ধতকে ভালোবাসেন না।)

[পারা-৫, সূরা নিসা, রুক'-৩ আয়াত-৩৬]

॥ ১৫২ ॥ কুল্ তায়াল্লাউ আতলু মা হাররামা রাব্বুকুম  
আলাইকুম্ আল্লা তুশরিকু বিহি শাইআও ওয়া বিল্ ওয়ালিদাইনি  
ইহুছানা; ওয়ালা তাক্বতুলু আউলাদাকুম্ মিন্ ইমলাক্; নাহ্নু  
নারজুকুম্ ওয়া ইয়্যাছম্; ওয়ালা তাক্বরাবুল্ ফাওয়াহিশা  
মা-জাহারা মিন্হা ওয়ামা বাত্বান্; ওয়ালা তাক্বতুলুম্মাফছাল্লাতি  
হাররামাল্লাহ্ ইল্লা বিল্-হাক্; জালিকুম্ ওয়াছ্ছাকুম্ বিহি  
লাআল্লাকুম্ তা ক্বিলুন।

(বলুন, তোমরা এস, আমি পড়ে শুনাই তোমাদের জন্য তোমাদের প্রতিপালক কি কি নিষিদ্ধ  
করেছেন; কোন কিছুকে তাঁর শরীক করোনা, আর মা-বাপের সাথে মধুর ব্যবহার কর। এবং  
দরিদ্রতার ভয়ে নিজেদের স্বজনগণকে হত্যা করো না, আমরাই তোমাদের ও তাদের রিজিক  
দিচ্ছি, আর প্রকাশ্য কিংবা গোপনীয় কোন প্রকার কুকর্মের কাছে যেয়োনা, এবং অন্যায়ভাবে  
জীবন বিনাশ করো না যা আল্লাহ নিষিদ্ধ করেছেন। এগুলো তিনি তোমাদেরকে বারবার  
উপদেশ দিচ্ছেন যেন তোমরা বুঝতে পার।)

[পারা-৮, সূরা আল-আনয়াম, রুক'-১৯, আয়াত-১৫২]

॥ ২৩ ॥ ওয়া ক্বাম্বা রাব্বুকা আল্লাতা'বুদু ইল্লা ইয়্যাছ্ ওয়াবিল্  
ওয়ালিদাইনি ইহুছানা; ইম্মা ইয়াবলুগ্বাম্মা ইন্দাকাল্ কিবারা  
আহাদুছমা আউকিলাছমা ফালা তাক্বল্লাছমা উফফিও ওয়ালা  
তানহারছমা ওয়া ক্বল্লাছমা ক্বাউলাম্ কারীমা।

॥ ২৪ ॥ ওয়াখ্ফিছ্ লাহুম্ জানাহাজ্ জুল্লি মিনার্ রাহ্মাতি ওয়া  
ক্বুর রাব্বিরহামছমা কামা রাব্বাইয়ানি ছাশ্বিরা।

( (২৩) আর তোমার প্রতিপালক হুকুম করেছেন যে, তোমরা তাঁকে ছাড়া অন্য কারোও  
ইবাদত করো না এবং মাতা-পিতার সাথে সদ্যবহার কর। যদি তাঁদের একজন কিংবা দু'জনই  
তোমার সামনে বৃদ্ধ হয়ে পড়ে তবে তুমি কখনো তাঁদেরকে অবহেলা করো না, কিংবা ধমক  
দিও না, কিন্তু অবশ্যই তাঁদের সাথে সম্মান বজায় রেখে কথা বলো।)  
( (২৪) আর তাঁদের জন্য ভক্তিসহ বিনয়ের বাহকে নত করো এবং প্রার্থনা করো, হে  
আমার প্রতিপালক! আপনি ঐ দু'জনকে দয়া করুন, যে রূপ তাঁরা শিশুকালে আমাকে পালন  
করেছেন।)

[পারা-১৫, সূরা বনি ইসরাঈল, রুক'-৩, আয়াত ২৩-২৪]

\* দয়াকরে এই অংশটুকু হেফাজত করুন।